## সমাস

২৭৫। 'সমাস' শব্দের অর্থ কী?
উঃ সংক্ষেপণ/মিলন।
২৭৬। সমাসের রীতি কোন ভাষা হতে আগত?
উঃ সংস্কৃত
২৭৭। বিশেষণের সঙ্গে বিশেষ্যের যে সমাস হয় তার নাম কী?
উঃ কর্মধারয়।
২৭৮। 'রাজপথ' এর ব্যাসবাক্য হবে-
উঃ পথের রাজা।
২৭৯। কোন সমাসে সাধারণ ধর্মের উল্লেখ থাকে?
উঃ উপমান কর্মধারয় সমাসে।
২৮০। কর্মধারয় সমাসে কোন পদ প্রধান?
উঃ পরপদ।
২৮১। 'কাজলকালো' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
উঃ কাজলের ন্যায় কালো।
২৮২। সমাস নিষ্পন্ন পদটির নাম কী?
উঃ সমস্তপদ।
২৮৩। 'হাট-বাজার' কোন অর্থে দ্বন্দ্ব সমাস?
উঃ সমার্থে।
২৮৪। 'চিরসুখী' এর ব্যাসবাক্য কোনটি?
উঃ চিরকাল ব্যাপিয়া সুখী।
২৮৫। নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?
উঃ দ্বীপ।
২৮৬। দ্বিগু সমাস নিষ্পন্ন পদটি কোন পদ হয়?
উঃ বিশেষ্য।
২৮৭। কৃদন্ত পদের সঙ্গে উপপদেরযে সমাস হয়, তার নাম কী? উঃ উপপদ তৎপুরুষ।
২৮৮। 'মহাকীর্তি' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
উঃ মহতী যে কীর্তি।
২৮৯। উপপদ তৎপুরুষ সমাস কোনটি?
উঃ পকেটমার/ধামাধরা/ছা-পোষা।
২৯০। 'জমা খরচ' - কোন শব্দযোগে দ্বন্দ্ব সমাস?
উঃ বিপরীতার্থক।
২৯১। পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে কোন বহুব্রীহি সমাস হয়? উঃ সমানাধিকরণ।
২৯২। উপমান কর্মধারয় সমাস কোনটি?
উঃ ঘনশ্যাম/তুষারশুভ্র/অরুনরাঙা/ভ্রমরকৃষ্ণ।
২৯৩। কোনটি সমার্থক দ্বন্দ্ব সমাস?
উঃ কাগজপত্র।
২৯৪। 'দা-কুমড়া' কোন দ্বন্দ্ব সমাসের উদাহরণ?
উঃ বিরোধার্থক দ্বন্দ্ব।
২৯৫। নিত্য সমাসের উদাহরণ কোনটি?
উঃ দেশান্তর/দর্শনমাত্র/কালসাপ।
২৯৬। 'অরুণরাঙা' কোন সমাসের উদারহরণ?
উঃ উপমান কর্মধারয়।
২৯৭। 'মনমাঝি' এর সঠিক ব্যাকরণ কোনটি?
উঃ মন রুপ মাঝি।
২৯৮। সমাস কত প্রকার?
উঃ ছয় প্রকার।
২৯৯। দ্বিগু সমাসকে অনেক ব্যাকরণবিদ কোন সমাসের অন্তর্ভূক্ত করেছেন?
উঃ কর্মধারয়।
৩০০। কোনটি দ্বন্দ্ব সমাস?
উঃ মাতা-পিতা।
৩০১। 'অহ-নকুল কোন শ্রেণির দ্বন্দ সমাসের উদাহরণ?
উঃ বিরোধার্থক
৩০২। যেখানে বিশেষণ বা বিশেষণ ভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্য ভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপ প্রতীয়মান হয়, তাকে কোন সমাস বলে?
উঃ কর্মধারয় সমাস।
৩০৩। 'মহানবী' কোন সমাস?
উঃ কর্মধারয়।
৩০৪। 'মহারাজ' শব্দের ব্যাসবাক্য কোনটি?
উঃ মহান যে রাজা।
৩০৫। 'তুষারশুভ্র'- এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
উঃ তুষারের ন্যায় শুভ্র।
৩০৬। 'মুখচন্দ্র' শব্দের ব্যাসবাক্য কোনটি?
উঃ চন্দ্রের ন্যায় মুখ।
৩০৭। 'ফুলকুমারী' সমস্ত পদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?
উঃ কুমারী ফুলের ন্যায়।
৩০৮। নিচের কোনটি উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ?
উঃ করপল্লব।
৩০৯। কোনটি পঞ্চমী তৎপুরুষ সমাস?
উঃ ঋণমুক্ত।
৩১০। 'হংসডিম্ব'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
উঃ হংসীর ডিম্ব।
৩১১। সত্য বলে যে- সত্যবাদী-এটি কোন সমাসের অন্তর্গত?
উঃ উপপদ তৎপুরুষ।
৩১২। দ্বন্দ সমাসের বিপরীত অর্থ প্রাধান্য সমাস কোনটি?
উঃ বহুব্রীহি সমাস।
৩১৩। 'কমলাক্ষ' এর সঠিক ব্যাসবাক্য হলো-
উঃ কমলের ন্যায় অক্ষি যার।
৩১৪। 'পদ্ম নাভিতে যার- পদ্মনাভ-এটি কোন সমাস?
উঃ বহুব্রীহি।
৩১৫। আশীবিষ কোন বহুব্রীহি সমাসের উদাহরণ?
উঃ ব্যাধিকরণ বহুব্রীহি।
৩১৬। প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস কোনটি?
উঃ একঘরে।
৩১৭। 'অন্তরীপ-কোন বহুব্রীহি সমাসের উদাহরণ?
উঃ নিপাতনে সিদ্ধ বহুব্রীহি।
৩১৮। কোন সমাসে 'সমাহার'-ব্যাসবাক্য থাকে?
উঃ দ্বিগু।
৩১৯। নিচের কোনটি দ্বিগু সমাসের উদাহরণ?
উঃ শতাব্দী।
৩২০। দ্বিগু সমাসের উদাহরণ কোনটি?
উঃ সাত সমুদ্র।
৩২১। অব্যয়ভাব সমাসে কোন পদ প্রধান?
উঃ পূর্বপদ।
৩২২। অর্থ প্রাধ্যান্যের দিক থেকে কর্মধারয় এর বিপরীত সমাস কোনটি?
উঃ অব্যয়ীভাব।
৩২৩। সামীপ্য অর্থে কোথায় অব্যয়ীভাব সমাস হয়েছে?
উঃ উপকূল।

Mahmudul Hasan